

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৮
আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যে বাণিজ্যিকভাবে ৫৯০ হেক্টর জমিতে ফুলের চাষ হয় : কৃষিমন্ত্রী

বর্তমানে রাজ্যে বাণিজ্যিকভাবে ৫৯০ হেক্টর জমিতে ফুলের চাষ হয় এবং ফুলচাষি রয়েছেন ১,৬৯৩ জন। আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মার এক প্রশ্নের লিখিত উত্তরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, রাজ্যে ফুলচাষের জন্য সরকারি নার্সারি রয়েছে ৪টি ও বেসরকারি নার্সারি রয়েছে ৪৪টি। তিনি জানান, ফুল চাষ বৃদ্ধির জন্য রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের এমআইডিএইচ প্রকল্পের এবং স্টেট প্ল্যানের অর্থানুকুল্যে ফুল চাষিদের গাঁদা, গ্ল্যাডিওলাস, রজনীগন্ধা এবং গোলাপ ইত্যাদি ফুল চাষে সহায়তা দেওয়া হয়। এছাড়া নেচার্যালি ভেন্টিলেটেড পলি হাউস (এনভিপিএইচ) তৈরীর মাধ্যমে বিদেশী ফুল যথা অর্কিড, অস্ত্রেরিয়াম এবং জারবেরা ফুল চাষেও কৃষকদের সহায়তা করা হয়ে থাকে। বিভিন্ন ফুল চাষের উপরও কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। কৃষিমন্ত্রী জানান, হাইটেক-র মাধ্যমে দেশ ও বিদেশের উন্নতমানের বিভিন্ন ফুলের চারা উৎপাদনের ও প্রদর্শনীর জন্য পশ্চিম ত্রিপুরা জেলার লেঙ্গুছড়াতে এমআইডিএইচ প্রকল্পে ইন্দো-ডাচ প্রযুক্তিতে একটি সেন্টার অব এক্সিলেন্স ফর ফ্লোরিকালচার স্থাপন করার পরিকল্পনা রয়েছে।
